

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮০৭ ৩০/ পাপ ও তাওবা পরিচ্ছেদঃ তওবার বিবরণ

আরবী

وَعَنْ أَبِي حَمزَةَ أَنسِ بنِ مَالكِ الأنصارِيِّ خَادِمِ رَسُولِ الله عَيْظِيُّ قَالَ: قَالَ رَسُولُ الله عَلِيُ لَلهُ أَفْرَحُ بِتَوْبَةِ عَبْدِهِ مِنْ أَحَدِكُمْ سَقَطَ عَلَى بَعِيرِهِ وقد أَضلَّهُ في أَرضٍ فَلاةٍ مُتَّفَقٌ عليه

وفي رواية لمُسْلمٍ للهُ أَشَدُّ فَرَحاً بِتَوبَةِ عَبْدِهِ حِينَ يتوبُ إِلَيْهِ مِنْ أَحَدِكُمْ كَانَ عَلَى رَاحِلَتهِ بأرضٍ فَلاةٍ، فَانْفَلَتَتْ مِنْهُ وَعَلَيْهَا طَعَامُهُ وَشَرَابهُ فَأَيِسَ مِنْهَا، فَأَتى شَجَرَةً فاضطَجَعَ في ظِلِّهَا وقد أيسَ مِنْ رَاحلَتهِ، فَبَينَما هُوَ كَذَٰلِكَ إِذْ هُوَ بِها قائِمَةً عِندَهُ، فَأَخَذَ بِخِطامِهَا، ثُمَّ قَالَ مِنْ شِدَّةِ الفَرَحِ: اَللَّهُمَّ أَنْتَ عَبدِي وأنا رَبُّكَ أَخْطَأً مِنْ شِدَّةِ الفَرَحِ: اَللَّهُمَّ أَنْتَ عَبدِي وأنا رَبُّكَ أَخْطَأً مِنْ شِدَّةِ الفَرَحِ

বাংলা

(৩৮০৭) আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খাদেম, আবূ হামযাহ আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আল্লাহ তাআলা স্বীয় বান্দার তওবা করার জন্য ঐ ব্যক্তি অপেক্ষা বেশী আনন্দিত হন, যে তার উঁট জঙ্গলে হারিয়ে ফেলার পর পুনরায় ফিরে পায়।

মুসলিমের অন্য বর্ণনায় এইভাবে এসেছে যে, নিশ্চয় আল্লাহ তাআলা তাঁর বান্দার তওবায় যখন সে তওবা করে তোমাদের সেই ব্যক্তির চেয়ে বেশী খুশী হন, যে তার বাহনের উপর চড়ে কোন মরুভূমি বা জনহীন প্রান্তর অতিক্রমকালে বাহনটি তার নিকট থেকে পালিয়ে যায়। আর খাদ্য ও পানীয় সব ওর পিঠের উপর থাকে। অতঃপর বহু খোঁজাখুঁজির পর নিরাশ হয়ে সে একটি গাছের ছায়ায় ঘুমিয়ে পড়ে। ইতোমধ্যে বাহনটি হঠাৎ তার সম্মুখে দাঁড়িয়ে যায়। সে তার লাগাম ধরে খুশীর চোটে বলে ওঠে, 'হে আল্লাহ! তুমি আমার দাস, আর আমি তোমার প্রভূ!' সীমাহীন খুশীর কারণে সে ভূল করে ফেলে।

ফুটনোট

(বুখারী ৬৩০৯, মুসলিম ৭১৩১-৭১৩৭)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন